

# যুগান্তর

প্রিন্ট: ১৪ জুন ২০২৬, ১১:১১ এএম

জাতীয়

## আমি জানি না এ নিউজ কোথা থেকে আসল: শিক্ষামন্ত্রী

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৯ জুন ২০২৬, ০৫:১৪ পিএম



শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। ফাইল ছবি



লাইভ



অস্ট্রেলিয়া

১ - ০

গ্রুপ ডি

তুরস্ক



রবিবার ১৪ জুন ২০২৬

পরবর্তী খেলাসমূহ

রবিবার ১৪ জুন ২০২৬



জার্মানি

-

[গ্রুপ ই] রাত ১১টা

কুরাসাও



এনআরজি স্টেডিয়াম, হিউস্টন, যুক্তরাষ্ট্র

সোমবার ১৫ জুন ২০২৬



নেদার...

-

[গ্রুপ এফ] রাত ২টা

জাপান



এটিঅ্যাভটি স্টেডিয়াম, ডালাস, যুক্তরাষ্ট্র

শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেছেন, কোনো বিষয়ের অনার্স কোর্স বন্ধ করার পরিকল্পনা শিক্ষা মন্ত্রণালয়ের নেই।

মঙ্গলবার (৯ জুন) সচিবালয়ে সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

মন্ত্রী বলেন, আমার জানামতে এ রকম কোনো আলোচনা হয়নি। আর বাংলা মাতৃভাষা, এটা কি বাদ দেওয়া যেতে পারে? এমন কোনো আলোচনা হয়নি। আমার জ্ঞাতসারে নেই। আমি জানি না এ নিউজ কোথা থেকে আসল।

এদিন একটি গণমাধ্যমে প্রকাশিত এক প্রতিবেদনে দাবি করা করা হয়, বাংলা, দর্শন, ইতিহাসসহ ছয় বিষয়ে অনার্স কোর্স বাতিল হচ্ছে। এ দাবি 'ভিত্তিহীন' উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, আমরা কারিগরিকে ইম্পর্টেন্স দিচ্ছি। আমরা আধুনিক করছি। যেগুলোর মার্কেট ডিমান্ড রয়েছে, সেগুলোকে আমরা দেখছি। সে তো প্রতিনিয়ত আলোচনা হচ্ছে। কিন্তু বাংলা, দর্শন, ইতিহাস বাদ পড়বে এ আলোচনা আমরা কোথাও শুনিনি এবং আমরাও কোথাও করিনি।'

মন্ত্রী বলেন, মার্কেট ডিমান্ড অনুযায়ী তো কোর্স আমরা রেগুলারলি ইন্ট্রোডিউস করছি, প্রতিটি বিশ্ববিদ্যালয়ে আমরা ইন্ট্রোডিউস করছি এবং প্রতিটি লেভেলেই আমরা ইন্ট্রোডিউস করছি। বাট বাংলাকে বাদ দিয়ে, ইতিহাসকে বাদ দিয়ে, এমন কথা কোথাও হয়নি।

অনার্স কোর্স কমিয়ে আনা বা কোনো বিষয়ে অনার্স কোর্স বন্ধ করার কোনো পরিকল্পনা শিক্ষা মন্ত্রণালয়ের নেই বলেও জানান মন্ত্রী।

এদিন দুপুরে জাতীয় বিশ্ববিদ্যালয় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোনো অনার্স কোর্স বন্ধের ব্যাপারে সরকার কিংবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোনো সিদ্ধান্ত নেই।